

# বাস নিয়ে আনিসুল হকের পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রকাশিত : ০৪ :২০, ৫ আগস্ট ২০১৮

বাস নিয়ে আনিসুল হকের পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ প্রধানমন্ত্রীর

অনলাইন রিপোর্টার ॥ রাজধানীর পরিবহন ব্যবস্থায় ৬টি কোম্পানির আওতায় চার হাজার বাস নামানোর জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রয়াত মেয়র আনিসুল হক যে পরিকল্পনা নিয়েছিলেন তা বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশ দিয়েছেন। জানালেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। নগর ভবনের ব্যাংক ফ্লোরে ‘নিরাপদ সড়কে আমাদের করণীয়’ শীর্ষক আগামীকাল (সোমবার) অনুষ্ঠেয় মুক্ত আলোচনা সম্পর্কে এক সংবাদ সম্মেলনে আজ এসব কথা বলেন মেয়রসাঈদ খোকন। তিনি বলেন, বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রী স্থানীয় সরকার মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। সোমবার স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুষ্ঠেয় এক বৈঠকে বিষয়টি চূড়ান্ত হবে। রাজধানীর পরিবহন ব্যবস্থা ৬টি কোম্পানির আওতায় আনা হচ্ছে। তিনি বলেন, সোমবার সকাল ১১টায় নগর ভবনে ডিএসসিসি সবস্তরের জনগণকে নিয়ে মুক্ত আলোচনার আয়োজন করতে যাচ্ছে। সেখান থেকে যেসব প্রস্তাব আসবে সেগুলোও বিবেচনায় নিয়ে আগামীর কর্মপরিকল্পনা নির্ধারণ করা হবে। মেয়র বলেন, রমিজ উদ্দিন কলেজের দু’জন নিষ্পাপ শিক্ষার্থী বাসচাপায় নিহতের ঘটনায় শিক্ষার্থীরা রাজপথে নেমে আসে। তাদের অহিংস আন্দোলন ও দাবি সারাদেশের মানুষ সমর্থন করেছে। তাদের এই যৌক্তিক দাবি সমর্থন জানিয়ে এরইমধ্যে তা বাস্তবায়নে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, শুরুতে শিক্ষার্থীদের আন্দোলন ও দাবি অত্যন্ত সুশৃঙ্খল ছিল। বিভিন্ন রাস্তায় পরিবহনের শৃঙ্খলা আনতে তাদের উদ্যোগ অত্যন্ত শান্তিপূর্ণ ছিল। যেটা সর্বস্তরের জনগণসহ আওয়ামী লীগ সমর্থন দিয়েছে। এই দাবি বাস্তবায়নে ডিএসসিসি প্রয়োজনীয় সব করবে। সাঈদ খোকন বলেন, শিক্ষার্থীদের এ আন্দোলনকে ষড়যন্ত্রের মাধ্যমে সহিংস করে দেশকে অস্থিতিশীল করার অপতৎপরতা চলছে। এই অশুভ শক্তির চক্রান্ত কোনোক্রমেই সফল হবে না। তাই নির্বাচিত প্রতিনিধিদের নিজ নিজ এলাকার অভিভাবক ও মুরবিবদের নিয়ে ষড়যন্ত্রমূলক অপতৎপরতা মোকাবেলা করতে হবে। সংবাদ সম্মেলনে ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা খান মোহাম্মদ

বিলাল, প্রধান বর্জ্য ব্যবস্থাপক জাহিদ হোসেন, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা শেখ মো. সালাহ উদ্দিনসহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলররা উপস্থিত ছিলেন।

---